

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫৫

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আক্রীকার বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَقَّ عَنِ الْحَسَنِ وَالْحُسَيْنِ كَبْشًا كَبْشًا. رَوَاهُ أَبُو دَاوُدَ وَعِنْدَ النَّسَائِيِّ: كبشين كبشين

বাংলা

8১৫৫-[৭] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান ও হুসায়ন-এর পক্ষ হতে এক একটি দুম্বা 'আক্কীকাহ্ করেছেন। (আবূ দাউদ)[1]আর নাসায়ী বর্ণনা করেছেন, দু' দু'টি বকরী।

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৮৪১, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৮৯৯, নাসায়ী ৪২১৯, ইরওয়া ১১৬৪, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৭৪৫, আল মু'জামুল আওসাত্ব ১৮৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম মালিক (রহিমাহুল্লাহ) এ হাদীস থেকে দলীল গ্রহণ করেছেন যে, ছেলে এবং মেয়ে শিশুর পক্ষ হতে একটি করে ছাগল দ্বারা 'আকীকাহ্ করতে হবে। হাফিয (রহিমাহুল্লাহ) বলেন, এ মতের স্বপক্ষে নির্ভরযোগ্য এমন কোন দলীল নেই। 'ইকরামাহ্ (রহিমাহুল্লাহ) 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন, তাতে দু'টি করে দুম্বা বা ছাগলের কথা বলা হয়েছে। 'আমর ইবনু শু'আয়ব হতে অনুরূপ বর্ণনা রয়েছে।

একাধিক হাদীসে বর্ণিত রয়েছে, ছেলের জন্য দু'টি ছাগল দ্বারা 'আকীকাহ্ দিতে হবে এ মর্মে পূর্ণ দলীল রয়েছে, তা আবৃ দাউদ-এর বর্ণনায় উল্লেখিত হাদীসে নেই। বরং চূড়ান্ত সিদ্ধান্ত হলো, আবৃ দাউদে বর্ণিত হাদীসটি নির্ধারিত সংখ্যার কম (অর্থাৎ দুই ছাগলের পরিবর্তে একটি ছাগল) দ্বারা 'আকীকাহ্ দেয়া বৈধ। কারণ সংখ্যা 'আকীকার জন্য শর্ত নয় অর্থাৎ ছেলের জন্য দু'টি ছাগল দিতেই হবে ব্যাপারটা সেটা নয় বরং তা মুস্তাহাব। ('আওনুল মা'বৃদ ৫ম খন্ড, হাঃ ২৮৩৮)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন